যুগান্তর

তারিখ 19 JUN 2007
পৃষ্ঠা ... কলাম ...

# চবি'র দুই কোটি ৬৮ লাখ টাকার বাজেট অনুমোদিত

চট্টগ্রাম ব্যুরো

প্রায় ২ কোটি ৬৫ লাখ টাকা ঘাটতি রেখেই ২০০৭-০৮ অর্থবছরের বাজেট অনুমোদন করল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন। এবার মোট ব্যয় ধরা হয়েছে ৬৭ কোটি ৭৬ লাখ ৮৮ হাজার টাকা। এর বিপরীতে আয় ধরা হয়েছে ৬৫ কোটি ১১ লাখ টাকা। সোমবার ফাইন্যান্স ও সিন্ডিকেটের ৪৩তম যৌথসভায় এ বাজেট অনুমোদন করা হয়। উপাচার্য এম বদিউল আলমের সভাপতিত্বে সকাল সাড়ে ১০টায় এ সভা শুরু হয়। এছাড়া এ সভায় ২০০৬-০৭ অর্থবছরের সংশোধিত বাজেট অনুমোদন করা হয়।

অতিরিক্ত জনবলের বিপরীতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) বাজেট অনুমোদন না করায় অনেক চেষ্টা করেও শেষ পর্যন্ত প্রশাসন ঘাটতি বাজেট রাখতে বাধ্য হয় বলে জানা গেছে।

২০০৬-০৭ অর্থবছরে বিশ্ববিদ্যালয় প্রশাসন ৬৩ কোটি ৩৯ লাখ ৭০ হাজার টাকার বাজেট ঘোষণা করে। যেখানে ঘাটতি ছিল ৪ কোটি ৭৯ লাখ ৭০ হাজার টাকা। এ বিশাল ঘাটতি রাখতে প্রশাসন বাধ্য হয়েছিল কারণ, বেতন-ভাতা খাতেই ইউজিসির বরাদ্দকৃত বাজেটে ১ কোটি ৫৬ লাখ টাকা ঘাটতি ছিল। এ বছর সংশোধিত বাজেটেও ইউজিসি সেই টাকা দেয়নি।

জানা যায়, ২০০৭-০৮ অর্থবছরের জন্য প্রশাসন ইউজিসির কাছে চাহিদা দেখায় ৮৮ কোটি ১৯ লাখ ২৮ হাজার টাকা। কিন্তু এর বিপরীতে ইউজিসি ৫৯ কোটি ৬১ লাখ টাকা অনুমোদন করে। এর সঙ্গে এ বছর বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ধরা হয়েছে ৫ কোটি ৫০ লাখ টাকা। ফলে মোট প্রাপ্তি দাঁড়িয়েছে ৬৫ কোটি ১১ লাখ টাকা।

২০০৬-০৭ অর্থবছরে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ছিল ৪ কোটি ১০ লাখ টাকা। এ বছর তার পরিমাণ ১ কোটি ৪০ লাখ টাকা বাড়ানো সম্পর্কে ভারপ্রাপ্ত হিসাব নিয়ামক মুঃ আবদুল মোনায়েম বলেন, ছাত্রছাত্রীদের বেতন ফি, পরিবহন ফি ইত্যাদি বাড়িয়ে নিজস্ব আয়ের এ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে।

জানা যায়, ২০০৫-০৬ ও ২০০৬-০৭ অর্থবছরে পদের অতিরিক্ত যে সব শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে তার বিপরীতে ইউজিসি কোন বাজেট অনুমোদন করেনি। এর ফলে এ বছর ২ কোটি ৬৫ লাখ ৮৮ হাজার টাকার যে ঘাটতি বাজেট রাখা হয়েছে সেখানে বেতন-ভাতা খাতের ঘাটতি প্রায় ২ কোটি বলে জানা গেছে। বেতন-ভাতা খাতের এ বিশাল ঘাটতি অন্য খাত থেকে টাকা এনে মেটানোর পরিকল্পনা করেছে প্রশাসন। এর ফলে গত বছরের তুলনায় এ বছর ব্যয় বাড়লেও মোট ঘাটতি কমে গেছে। এ ব্যাপারে সিন্ডিকেট সদস্য ড. সুলতান আহমেদ বলেন, এতদিন বিভিন্ন ক্ষেত্রে যে অপচয় হতো আমরা সেগুলো কমানোর চেষ্টা করেছি। তাই এবার ঘাটতি কমে গেছে। ৩০ জুন বিশ্ববিদ্যালয়ের ১৯তম বার্ষিক সিনেট সভায় ২০০৬-০৭ অর্থবছরের সংশোধিত এবং ২০০৭-০৮ অর্থবছরের এ বাজেট পেশ করা হবে।